**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:18-08–2024**
**Time: 7.35 –7.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayat oath taking :**

ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের শপথ গ্রহণের তারিখ স্থির করা হয়েছে। রাজ্য পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে আকাশবাণীকে জানান আগামী ২৩ শে আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। আগামী ৭ই সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত জিলা পরিষদের নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ করবেন।

********************

**IMA Strike :**

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন, কলকাতায় পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে একজন মহিলা আবাসিক ডাক্তারকে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে গতকাল ২৪ ঘন্টার যে দেশব্যাপী ধর্মঘটের ডাক দিয়েছিল আজ সকাল ৬টায় সেই ধর্মঘটের সময় সীমা শেষ হয়েছে। IMA এর ডাকে সাড়া দিয়ে গতকাল দেশজুড়ে বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে সকাল ৬টা থেকে জরুরী নয় এমন এবং ওপিডি পরিষেবাগুলি বন্ধ রাখা হয়। সংগঠন নির্যাতিতার জন্য ন্যায়বিচার এবং স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষার জন্য কেন্দ্রীয় আইনের দাবি জানিয়েছে।

*******************

**PM on Global South :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি  বৈশ্বিক দক্ষিণের দেশগুলিকে একে অপরের শক্তি হয়ে উঠতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল বৈশ্বিক দক্ষিণের ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের উদ্বোধনী বক্তব্যে প্রধানমন্ত্রী বর্তমান বিশ্বব্যাপী অনিশ্চয়তা ও চ্যালেঞ্জের পরিবেশ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি জোর দিয়ে বলেন যে বিশ্ব এখনও সম্পূর্ণভাবে COVID-19-এর প্রভাব মুক্ত হতে পারেনি । প্রধানমন্ত্রী আশ্বস্ত করেন যে ভারত বৈশ্বিক দক্ষিণের সমস্ত দেশের সঙ্গে তার অভিজ্ঞতা এবং ক্ষমতা ভাগ করে নিতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রধানমন্ত্রী বলেন যে মিশন লাইফের অধীনে, নতুনদিল্লি কেবল ভারতে নয়, অংশীদার দেশগুলিতেও ছাদে সৌর এবং পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎ উৎপাদনকে অগ্রাধিকার দিচ্ছে। তিনি উল্লেখ করেছেন যে ভারত ইউপিআই এর মাধ্যমে বৈশ্বিক দক্ষিণের বিভিন্ন দেশকে সংযুক্ত করার প্রচেষ্টাও শুরু করেছে।

তিনি বলেন স্বাস্থ্য সুরক্ষার জন্য, ভারতের লক্ষ্য হল – এক বিশ্ব-এক স্বাস্থ্য এবং দৃষ্টি হল –"আরোগ্য মৈত্রী"।

********************

**Kissano Ki Baat :**

কেন্দ্রীয় সরকার দেশের অন্নদাতাদের জন্য আরও একটি নতুন প্রয়াস গ্রহণ করতে চলেছে। কৃষকদের কাছে বিজ্ঞানকে সহজলভ্য করে  তুলতে কেন্দ্রীয় সরকার রেডিও-তে 'কিসানো কি বাত' নামে একটি অনুষ্ঠান শুরু করতে চলেছে। এই অনুষ্ঠানটি আকাশবাণীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক মন-কি-বাত অনুষ্ঠানের আদলে তৈরি করা হবে।

নতুন দিল্লিতে কৃষকদের সঙ্গে মতবিনিময় করে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এই কর্মসূচি আগামী মাসে শুরু হবে।

********************

**Health Ministry :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক  চিকিৎসকদের, নিরাপত্তা নিশ্চিত করার জন্য সম্ভাব্য সব প্রচেষ্টার আশ্বাস দিয়েছে এবং  বিক্ষোভরত চিকিৎসকদের বৃহত্তর জনস্বার্থে তাদের দায়িত্ব পুনরায় শুরু করার আহ্বান জানিয়েছে। মন্ত্রক বলেছে যে স্বাস্থ্যসেবা পেশায় নিযুক্তদের সুরক্ষা নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহনে পরামর্শ দেওয়ার জন্য একটি কমিটি গঠন করা হবে এবং রাজ্য সরকারগুলি সহ সমস্ত অংশীদারদের প্রতিনিধিদের পরামর্শের জন্য আমন্ত্রণ জানানো হবে।

মন্ত্রক বলেছে যে ২৬টি রাজ্য ইতিমধ্যে তাদের নিজ নিজ রাজ্যে স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষার জন্য আইন পাস করেছে। দেশে ডেঙ্গু এবং ম্যালেরিয়ার ক্রমবর্ধমান মামলার পরিপ্রেক্ষিতে চিকিৎসকদের কাজশুরু করারও আহ্বান জানিয়েছে কেন্দ্র।

**********************

Ration card :

রেশন কার্ডধারী উপভোক্তাদের শনাক্তকরন কাজ শুরু করেছে খাদ্য, জন সংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর।  দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী জানিয়েছেন, গনবন্টন ব্যবস্থায় পুরানো কাগজের রেশন কার্ডের বদলে নতুন রেশন কার্ড দেওয়া হবে। তিনি বলেন এখনও ভাল সংখ্যায় রেশনকার্ডধারী উপভোক্তাদের

আধার লিংক নেই। তাদের ক্ষেত্রে ই-কেওয়াইসি জরুরী। এই সব ভোক্তাদের তালিকা সংশ্লিষ্ট রেশন দোকানে দেওয়া আছে। তাদের আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট রেশন দোকানে গিয়ে ই-পস মেশিনে আঙ্গুলের ছাপ স্ক্যান করে ই-কেওয়াইসি করতে আবেদন করেছেন শ্রী অধিকারী।

*************************

Bharatiya Nyay Sanhita

কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেছেন যে ভারতীয় ন্যায় সংহিতা আগামী পাঁচ বছরের মধ্যে দেশের অপরাধমূলক বিচার ব্যবস্থাকে বিশ্বের সবচাইতে আধুনিক করে তুলবে। কোচিতে কেরালা হাইকোর্টে কেন্দ্রীয় সরকারের কৌঁসুলিদের রাজ্য স্তরের সম্মেলনের উদ্বোধন করে তিনি বলেন যে সুশাসনের জন্য দ্রুত এবং দক্ষ বিচার ব্যবস্থা অপরিহার্য। দ্রুত বিচার প্রত্যেক নাগরিকের মৌলিক অধিকার বলেও মন্ত্রী উল্লেখ করেন। যথাযথ প্রস্তুতি বা পরামর্শ ছাড়াই ভারতীয় ন্যায় সংহিতা আনা হয়েছিল এমন অভিযোগ তিনি খারিজ করে দেন। তিনি বলেন, ২০১৯ সাল থেকে বিভিন্ন অংশীদারদের সঙ্গে বিভিন্ন পর্যায়ে এবিষয়ে আলোচনা হয়েছে।

************************

Blood Donation :

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল মহকুমা শাসকের অফিসে এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২ জন মহিলা সহ ১৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*********************

Jhulan Yatra-Baikhora Iskon :

ইসকন পরিচালিত বাইখোড়ার জগন্নাথ মন্দিরে চলছে ঝুলন যাত্রা। গতকাল  ঝুলন যাত্রার দ্বিতীয় সন্ধ্যায় মন্দির প্রাঙ্গনে প্রচুর দর্শনার্থীর সমাগম হয়েছে।

********************

Gold Taniya:

শিলংয়ে অনুষ্ঠিত খেলো ইন্ডিয়া মহিলা লিগ জুডো আসরে সাবজুনিয়র বিভাগে স্বর্ণ পদক জয় করলো রাজ্যের তানিয়া দাস। ৪৪ কেজি বিভাগে তানিয়া স্বর্ণপদক পায়। এছাড়া ৩২ কেজি বিভাগে প্রিয়াঙ্কা দাস ও ৪০ কেজি বিভাগে শ্রাবন্তী দেবনাথ ব্রোঞ্জ পদক পায়।

************************

Weather:

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ জেলার দু এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া ধলাই, উত্তর উনকোটি এবং গোমতী জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে একত্রিশ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি সেলসিয়াস।

**********************

**********************